

## পাঠ্যসূচির বাইরে কর্মকাণ্ড জোরদারে গুরুত্ব রাষ্ট্রপতির

কালের কণ্ঠ ডেস্ক >

শিক্ষার্থীদের মেধা বিকাশে সহায়তার জন্য সংস্কৃতি ও ক্রীড়ার মতো পাঠ্যসূচিবহির্ভূত কর্মকাণ্ড জোরদার করার ওপর গুরুত্ব আরোপ করেছেন রাষ্ট্রপতি আবদুল হামিদ। গতকাল সোমবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হাব্বুন অর রশীদের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধিদল বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে মৌলিক সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। রাষ্ট্রপতির প্রেসসচিব জয়নাল আবেদিন এ তথ্য জানিয়েছেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেন, সর্বোচ্চ সংখ্যক শিক্ষার্থীর শিক্ষার দায়দায়িত্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওপর হওয়ায় শিক্ষার্থীদের মেধা যথাযথভাবে বিকাশে সহায়তার জন্য পাঠ্যসূচিবহির্ভূত কর্মকাণ্ডের ওপর গুরুত্ব আরোপ করা প্রয়োজন। আন্তর্জাতিক মান বজায় রেখে শিক্ষার মান উন্নয়নে পদক্ষেপ নেওয়ার ওপরও গুরুত্ব আরোপ করেন তিনি।

প্রতিনিধিদলটি বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য রাষ্ট্রপতিকে আমন্ত্রণ জানায়। আগামী বছর এ সমাবর্তন অনুষ্ঠান হওয়ার কথা রয়েছে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সাতটি আঞ্চলিক সেন্টারে এই সমাবর্তন অনুষ্ঠান হবে।

প্রতিনিধিদলের সদস্যরা এ সময় রাষ্ট্রপতিকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কর্মকাণ্ড সম্পর্কে অবহিত করেন। তাঁরা জানান, বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজগুলোতে টারিজম ও হসপিটালিটিসহ নতুন বিভাগ চালু করা হয়েছে। সূত্র : বাসস।